ঝিনাইদহে উগ্রবাদ প্রতিরোধে জনপ্রতিনিধিদের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহে উগ্রবাদ প্রতিরোধে জনপ্রতিনিধিদের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সেমিনারের উদ্বোধন করেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রবিউল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, ডিএমপির উপ-পুলিশ কমিশনার মোহাম্মদ আসাদুজ্জামান, অতিরিক্ত উপ পুলিশ কমিশনার তোহিদুল ইসলাম ও সিদ্দিকুর রহমান।

পুলিশের কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের আয়োজনে এ সেমিনারের জেলার ৬৭টি ইউনিয়নের চেয়াম্যান, ইউপি সদস্য, আনসার সদস্যসহ ৫০০ জন অংশ নেয়। এসময় উগ্রবাদ বিরোধে জনপ্রতিনিধিদের বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদাণ করা হয়।

কোটচাঁদপুরে টিউবয়েলের গর্তে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে টিউবয়েলের গর্তে ডুবে আমিনুর রহমান সাব্বির নামে দুই বছরের এক শিশুর মর্মান্তিক মৃত্য হয়েছে। গতকাল সোমবার দুপুরে উপজেলার জালালপুর গ্রামের মালোখালি পাড়ায় এ ঘটনা ঘটে। নিহত সাব্বির ওই গ্রামের কবিরুল বিশ্বাসের একমাত্র ছেলে।

স্থানীয় সূত্রে জানাযায়, সোমবার দুপুরে শিশু সাব্বির খেলতে যেয়ে

বাড়ির মধ্যে একটি টিউবয়েলের পানির গর্তে পড়ে যায়। পরে পরিবারের লোকজন গর্তের মধ্যে শিশু সাব্বিরের ডুবন্ত অবস্থায় দেখতে পায়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

বিষয়টি নিশ্চিত করেছেন, স্থানীয় ইউপি সদস্য বিএম নাসির উদ্দীন। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

মেপ্র/আরপি

ঝিনাইদহে মরমী কবি পাগলা কানাইয়ের জন্মজয়ন্তী উৎসব শুরু

ঝিনাইদহে নানা আয়োজনের মধ্য দিয়ে পালিত হচ্ছে মরমী কবি পাগলা কানাই-এর ২১০ তম জন্মবার্ষিকী।

সোমবার সকালে কবির মাজারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ৫ দিন ব্যাপী এ অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। পরে মাজার প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। এতে জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পাগলা কানাই ইউনিয়নের চেয়ারম্যান নজরুল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। পরে, লাঠি খেলা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, অনুষ্ঠিত হয়।

সদর উপজেলার বেড়াবাড়ি গ্রামের পাগলা কানাই স্মৃতি সংরক্ষণ সংসদ’র আয়োজনে সোমবার থেকে শুরু হওয়া এ উৎসব চলবে আগামী ১৩ মার্চ পর্যন্ত। প্রতিনিধি পরিবেশিত হবে কবি রচিত গান, পালাগান, লোকনৃত্যসহ নানা পরিবেশনা।

বাংলা ১২২৬ সালের ২৫ ফাল্গুন ঝিনাইদহের সদর উপজেলার বেড়বাড়ি গ্রামে জন্মগ্রহণ করেন পাগলা কানাই।

সাইবার ক্রাইম দমনে ট্রেনিং, জনবল বৃদ্ধি ও ইকুপমেন্ট সংগ্রহ করা হচ্ছে-আইজিপি

সাইবার ক্রাইম দমনে পুলিশের জনবল বৃদ্ধি ট্রেনিং ও ইকুপমেন্ট সংগ্রহ করা হচ্ছে। জেলায় জেলায় সাইবার ক্রাইম সেল গঠন করা হয়েছে বলে জানিয়েছে পুলিশের আইজি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী।

সোমবার সকালে ঝিনাইদহের কোটচাঁদপুর মডেল থানা ভবন উদ্বোধন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।
তিনি বলেন, ভবিষ্যতে আমাদের বড় চ্যালেঞ্জ হবে সাইবার ক্রাইম। শুধু বাংলাদেশ নয় বর্তমান বিশ্বে সাইবার ক্রাইম সবথেকে আলোচিত ক্রাইম। আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি সাইবার ক্রাইম রোধে জনবল বৃদ্ধির। সেই সাথে ইক্যুপমেন্ট সংগ্রহ করা হচ্ছে।

পুলিশের জনবল বৃদ্ধির ব্যাপারে আইজিপি বলেন, আমাদের আশপাশের দেশগুলোতে জনসংখ্যার তুলনায় পুলিশের সংখ্যা বেশি। কিন্তু বাংলাদেশে প্রায় সাড়ে ৮’শ লোকের জন্য একজন পুলিশ। এজন্য আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি পুলিশের জনবল বৃদ্ধির জন্য। প্রধানমন্ত্রীর কাছে আমরা আবেদন করেছি।

উনি নিশ্চয় এটি বিবেচনা করে জনবল বৃদ্ধির চেষ্টা করবেন। এর আগে নব-র্নিমিত কোটচাঁদপুর মডেল থানা ভবন উদ্বোধন করেন। পরে থানায় একটি এ্যাম্বুলেন্স ও একটি পিকআপ ভ্যান প্রদাণ করেন। এসময় ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য শফিকুল আজম খান চঞ্চল, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার, সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, খুলনা রেঞ্জ ডিআইজি ড. খঃ মহিদ উদ্দিন, ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার হাসানুজ্জামানসহ পুলিশ কর্মকর্তা ও স্থানীয় জনপ্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

[redacted]

‘[redacted]’ [redacted], [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted]

ঝিনাইদহে উগ্রবাদ প্রতিরোধে করণীয় শীর্ষক সেমিনার উদ্বোধন

ঝিনাইদহে উগ্রবাদ প্রতিরোধে করণীয় শীর্ষক সেমিনার শুরু হয়েছে। রোববার সকালে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সেমিনারের উদ্বোধন করেন অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস।

এসময় ঝিনাইদহের জেল সুপার গোলাম হোসেন, ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের উপ-পুলিশ কমিশনার আসাদুজ্জামান, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার তৌহিদুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

পুলিশের কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের আয়োজনে সেমিনারের প্রথম দিনে জেলা পুলিশের বিভিন্ন ইউনিটে পুলিশ অফিসার, পুলিশ সদস্য ও কারারক্ষীসহ ২৫০ জন অংশ নেয়।

এসময় উগ্রবাদ দমনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর করনীয় বিষয়ে দিক নির্দেশনা প্রদাণ করা হয়।

আগামী সোম ও মঙ্গলবার জেলার ইমাম, শিক্ষক, জনপ্রতিনিধের অংশগ্রহণে সেমিনার অনুষ্ঠিত হবে।

মেপ্র/আরপি

ঝিনাইদহে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণের স্মৃতি বিজড়িত ৭ মার্চ উপলক্ষে ঝিনাইদহে জেলা সরকারি আইন কর্মকর্তাদের উদ্যোগে রবিবার সকালে পতাকা উত্তোলনের মধ্য দিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত আলোচনার সভার উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাড. খান আখতারুজ্জামান।

ঝিনাইদহ জেলা সরকারি কৌশলী (জিপি) অ্যাড. বিকাশ কুমার ঘোষের সভাপতিত্বে প্রধান অথিতি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাড. আজিজুর রহমান।

প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পাবলিক প্রসিকিউটর (পিপি) ইসমাইল হোসেন, ঝিনাইদহ নারী ও শিশু বিশেষ পিপি অ্যাড. বজলুর রহমান।
এছাড়াও আলোচনা রাখেন অ্যাড. সাদাতুর রহমান হাদী, আব্দুল খালেক, তুষার কান্তি রায়, শেখ আব্দুল্লাহ, এপিপি অ্যাড. বাচ্চু মিয়া, শামছুজ্জামান তুহিন প্রমূখ।

মেপ্র/আরপি

ঝিনাইদহে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে অংশীজনের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে অংশীজনের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিস আয়োজনে শনিবার সকালে শিশু একাডেমি মিলনায়তনে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের সচিব আকরাম-আল-হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় উপ-পরিচালক মেহেরুন নেছা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের উপ-প্রধান ফিরোজ উদ্দিন, উপ-সচিব মোস্তাফিজুর রহমান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জাহাঙ্গীর আলম।

এসময় বক্তারা, জেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ডিজিটাল পদ্ধতিতে পাঠদান ও শতভাগ বাংলা উচ্চারণ শেখানোর পরামর্শ প্রদাণ করেন। সেই সাথে শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের পাশাপাশি অভিভাবকদের সচেতন হওয়ার আহবান জানান।

মেপ্র/আরপি

ঝিনাইদহে শিবিরের ১১ নেতাকর্মী আটক করেছে পুলিশ

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বেথুলী গ্রাম থেকে ইসলামী ছাত্র শিবিরের ১১ নেতাকর্মীকে আটক করেছে পুলিশ।

পুলিশের দাবি, তারা বেথুলী গ্রামের আফছার উদ্দিনের বাড়ির উঠানে গোপন বৈঠক করছিল। এসময় তাদের কাছ থেকে ২টি ককটেল, দেশীয় তৈরি অস্ত্র, ৪টি লোহার রড, ২টি ছোরাসহ লিফলেট উদ্ধার করা হয়েছে। শুক্রবার দিবা গত রাতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, ঝিনাইদহ জেলা শিবিরের সাবেক সভাপতি উপজেলার ষাটবাড়িয়া গ্রামের শহিদুল ইসলামের ছেলে মো: শাহাবুদ্দিন ওরফে সাদ্দাম, কালীগঞ্জ উপজেলা সভাপতি মহেশ^রচাঁদা গ্রামের আব্দুল গফুরের ছেলে সোহাগ হোসেন, সাধারণ সম্পাদক কমলাপুর গ্রামের লিটন শেখের ছেলে আল আমিন হোসেন, শিবির কর্মী মাগুরা গ্রামের বাবলুর রহমানের ছেলে বিল্লাল হোসেন, হাসিলবাগ গ্রামের আলী হোসেনের ছেলে আহসান হাবীব, আব্দুল করিমের ছেলে ইব্রাহিম হোসেন, দামোদারপুর গ্রামের সোলাইমান হোসেনের ছেলে এনামুল ইসলাম ওরফে ইমন, হোসেন আলীর ছেলে মো: হাবিবুল্লাহ, পান্তাডাঙ্গা গ্রামের নাজমুস সাদাতের ছেলে নাজমুস সালেহীন, মাগুরা গ্রামের মৃত কবি বাবর আলীর ছেলে হোসাইন ওয়াইস কুরুনী ও ঘোপপাড়া গ্রামের শাহিনুর রহমানের ছেলে মো: বায়েজীদ বোস্তামী।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার বেথুলী গ্রামের একটি বাড়ির উঠান থেকে

শিবিরের ১১ জন নেতাকর্মীকে আটক করা হয়েছে। নাশকতা সৃষ্টির লক্ষ্যে তারা মিলিত হয়েছিল। তাদেরকে আদালতে প্রেরণ করা হবে।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে ৭ মার্চ উপলক্ষে আওয়ামী লীগের নানা কর্মসূচী পালিত

বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণের স্মৃতি বিজড়িত ৭ মার্চ উপলক্ষে ঝিনাইদহে নানা কর্মসূচী পালন করেছে আওয়ামী লীগ।
সকালে শহরের এইচএসএস সড়কের জেলা আওয়ামী লীগের কার্যালয় চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেরণা একাত্তর চত্বর গিয়ে শেষ হয়। এতে আওয়ামী লীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়। পরে প্রেরণা একাত্তর চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে নেতাকর্মীরা।

এসময় জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি শফিকুল ইসলাম অপু, এ্যাড.আজিজুর রহমান, দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এর আগে সকালে জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে জাতীয় এবং দলীয় পতাকা উত্তোলন করা হয়।